

বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও,  
ঢাকা-১২১৫।

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৭১

তারিখ: ১৪ পৌষ ১৪২৮  
২৯ ডিসেম্বর ২০২১

বিষয়: চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশন প্রসঙ্গে।

সূত্র: বামউক, প্রধান কার্যালয়ের পত্র নং- ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৬৯; তারিখঃ ২৯/১২/২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম মৎস্য বন্দরের হিসাব বিভাগের কাজের পরিধি ও ব্যাপ্তি অন্যান্য কেন্দ্রের তুলনায় ব্যাপক ও ব্যতিক্রম। এ বিভাগের বেশির ভাগ কাজ সম্পাদিত হয় বহিঃস্থ বিভিন্ন পার্টি/স্টেকহোল্ডারদের সাথে। হিসাব বিভাগের কাজের ভলিউমের তুলনায় জনবলের সংস্থান অত্যন্ত কম। এ্যাকাউন্টিং সফটওয়্যার চালু করা হলে সেবা গ্রহীতা তথা বহিঃস্থ বিভিন্ন পার্টি/স্টেকহোল্ডারদের চাহিদা মোতাবেক যথাসময়ে সেবা প্রদান এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রতিবেদন দ্রুতসময়ে প্রস্তুত করা সম্ভব হবে। একইসাথে, এটি কাজের গতি ত্বরান্বিতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সহায়ক ভূমিকা পালন করবে।

২। এ বিষয়ে গত ২৩/১২/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কর্পোরেশনের কেন্দ্রীয় ইনোভেশন টিমের ডিসেম্বর, ২০২১খ্রিঃ মাসের পর্যালোচনা সভায় বিশদ আলোচনা হয়। সভায় উপস্থিত সকলে এ্যাকাউন্টিং সফটওয়্যার ক্রয়ের মাধ্যমে চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশনের বিষয়ে একমত পোষণ করেন।

৩। এমতাবস্থায়, সেবা ডিজিটাইজেশনের অংশ হিসেবে চট্টগ্রাম মৎস্য বন্দরের এ্যাকাউন্টিং সিস্টেম ডিজিটাইজেশনের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা জরুরী ভিত্তিতে গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২৯-১২-২০২১

মোঃ শামসুজ্জামান

ব্যবস্থাপক (পরিকল্পনা)

মহাব্যবস্থাপক, চট্টগ্রাম মৎস্য বন্দর, বামউক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ৩৩.০৩.০০০০.১০৩.০৬.০৮৫.১৯.১৭১/১(২)

তারিখ: ১৪ পৌষ ১৪২৮  
২৯ ডিসেম্বর ২০২১

অনুলিপি:

- ১) পরিচালক (ক্রয় ও বিপণন) ও কেন্দ্রীয় ইনোভেশন অফিসার, বামউক, ঢাকা।
- ২) পিএস টু চেয়ারম্যান, বামউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৯-১২-২০২১

মোঃ শামসুজ্জামান  
ব্যবস্থাপক (পরিকল্পনা)